# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মন্ত্রণালয়/বিভাগের/সংস্থার নাম: বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

**বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ৩০ জুন ২০২৪ পর্যন্ত হালনাগাদ ডাটাবেজ।**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১। | **National Equipment Identity Register (NEIR)** | বর্তমানে বিপুল সংখ্যক মোবাইল হ্যান্ডসেট অবৈধভাবে আমদানী করা হয়। এই অবৈধ হ্যান্ডসেটসমূহ ব্যবহার করে বিভিন্ন অপরাধমূলক কর্মকান্ড হচ্ছে। বিষয়টি জাতীয় নিরাপত্তার জন্য হুমকি সরূপ। একইসাথে নিম্নমানের হ্যান্ডসেটগুলি পরিবেশের উপর প্রভাব বিস্তার করছে। এরই ফলে একদিকে সরকার জাতীয় রাজস্ব হারাচ্ছে, অন্যদিকে এরুপ অবৈধ কর্মকান্ড দেশের অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মক্ষেত্র তৈরীর উপর প্রভাব ফেলছে। এই সমস্যা হতে উত্তরণের জন্য কমিশনের Central Biometric Verification & Monitoring Platform (CBVMP), NOC Automation and IMEI Database (NAID) এবং সকল মোবাইল অপারেটরগণের Equipment Identity Register (EIR) ও SMS Gateway এর সমন্বয়ে National Equipment Identity Register (NEIR) তৈরী করা হয়েছে। | কার্যকর আছে। | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | https://neir.btrc.gov.bd/auth/login | |
| ০২। | **Central Biometrics Verification Monitoring** | দেশের প্রতিটি সিম ব্যবহারকারীর পরিচিতি নিশ্চিতকরণের লক্ষ্যে গত ২০১৫ সাল হতে জাতীয় পরিচয় পত্রের সাথে সিম ব্যবহারকারীর বায়োমেট্রিক্স তথ্য যাচাই করতঃ সিম নিবন্ধন কার্যক্রম শুরু করা হয়। উক্ত কার্যক্রমটি যথাযথভাবে মনিটরিং ও বিভিন্ন রেগুলেটরি কার্যক্রম পর্যবেক্ষনের জন্য কমিশন ২০১৭ সালে সেন্ট্রাল বায়োমেট্রিক | কার্যকর আছে। | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | সেবাটি Intranet এর মাধ্যমে কাজ করায় এটি ব্যবহারে জন্য পাবলিক লিংক নেই। তবে | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | **Platform (CBVMP)** | ভেরিফিকেশন মনিটরিং প্লাটফর্ম (CBVMP) স্থাপন করে। এই সিস্টেমের মাধ্যমে দেশের সকল মোবাইল ফোন অপারেটরের সিম রেজিস্ট্রেশন, রি-রেজিস্ট্রেশন, ডি-রেজিস্ট্রেশন, রি-প্লেসমেন্ট, মালিকানা পরিবর্তনসহ অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম সম্পূর্ণরূপে মনিটরিং করা হয়। | | | মোবাইলফোন গ্রাহক *১৬০০১# ডায়াল করে ফিরতি SMS এ জাতীয় পরিচিতি নম্বরের শেষের ৪ ডিজিট প্রদান করে নিবন্ধিত সিমের সংখ্যা ও নম্বর যাচাই করতে পারেন। | |
| ০৩। | **Interactive GIS Map** | ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে সরকার দেশের তৃণমূল পর্যায় পর্যন্ত সকল প্রতিষ্ঠানকে Broadband Network এর আওতায় আনার পদক্ষেপ গ্রহন করেছে। এ লক্ষ্য বাস্তবায়নের জন্য বিটিআরসি দেশের সকল বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়নসহ প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়, কমিউনিটি ক্লিনিক, ডাকঘর ইত্যাদি তৃণমূল পর্যায়ের দপ্তর সমূহকে Broadband Network এর সাথে ক্রমান্বয়ে সংযুক্তির মাধ্যমে একটি Interactive GIS Map প্রস্তুত করা হয়েছে। বিটিআরসি'র তত্ত্বাবধানে প্রস্তুতকৃত ম্যাপটিতে সকল অপারেটরের নিজস্ব অপটিক্যাল ফাইবার এর তথ্য একটি মানচিত্রের বিভিন্ন লেয়ারের মাধ্যমে সম্পৃক্ত করা হয়েছে। এ মানচিত্রের সহায়তায় বর্তমানে সারাদেশের অপটিক্যাল ফাইবারের জেলা/উপজেলা/ইউনিয়ন ভিত্তিক অবস্থান, ক্যাপাসিটিসহ বিস্তারিত কারিগরী তথ্য জানা সম্ভব হচ্ছে। সরকারি/বেসরকারি Connectivity সংশ্লিষ্ট যে কোন প্রকল্প বাস্তবায়নে Interactive GIS Map টি মৌলিক ভূমিকা পালন করছে। | কার্যকর আছে। | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | https://tiis.btrc.gov.bd/ | |
| ০৪। | **NOC Automation & IMEI Database (NAID)** | সিস্টেমটির মাধ্যমে বিটিআরসি'র তালিকাভুক্ত মোবাইল আমদানীকারক/প্রস্তুতকারক প্রতিষ্ঠানসমূহ স্বল্প সময়ের মধ্যে আমদানী অনাপত্তি পত্র ও বাজারজাত করণের জন্য আবেদন পত্র দাখিল ও অনাপত্তি পত্র প্রাপ্তি সহ সংশ্লিষ্ট সকল সেবা পেয়ে থাকে। সিস্টেমটি সরকারের ই-নথির সাথে সমন্বিত ভাবে কাজ করার ফলে হ্যান্ডসেট আমদানী সংক্রান্ত আবেদন দ্রুত ও নির্ভুলতার সাথে অনাপত্তি পত্র প্রদান করা সম্ভব হচ্ছে। বিটিআরসি'র তালিকাভুক্ত সকল মোবাইল সেট আমদানীকারক/প্রস্তুতকারক প্রতিষ্ঠানসমূহ তাদের নিজস্ব ড্যাশবোর্ড ব্যবহার করে স্বয়ংক্রিয় পদ্ধতিতে অনাপত্তি প্রাপ্ত IMEI এর রেফারেন্স সমূহ ডাটাবেজে সংরক্ষিত | কার্যকর আছে। | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | https://naid.btrc.gov.bd/ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | হচ্ছে। এই সিস্টেম প্রতিদিন গড়ে প্রায় ২০০০ জন গ্রাহক মোবাইল ফোন থেকে KYD <space> ১৫ ডিজিটের IMEI নম্বর লিখে 16002 তে এসএমএস প্রেরণের মাধ্যমে মোবাইল হ্যান্ডসেট ক্রয়ের পূর্বে অথবা বিদ্যমান মোবাইল হ্যান্ডসেটের IMEI এর সঠিকতা যাচাই করছে। এছাড়াও সরকারের একটি গুরুত্বপুর্ণ প্রতিষ্ঠান হিসেবে 'ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি)' কে এই সিস্টেম ব্যবহারে অনুমতি প্রদান করা হয়েছে। | | | | |
| ০৫। | **Data Information System (DIS** | কমিশনের লাইসেন্সধারী সকল International Long Distance Cable (ILDC), International Internet Gateway (IIG), Internet Service Provider (ISP) সহ Nationwide Telecommunication Transmission Network (NTTN) এবং National Internet Exchange (NIX) প্রতিষ্ঠানের অপারেশনাল কার্যাবলীর নিয়মিতভাবে মনিটরিংয়ের উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ, হালনাগাদ ও পর্যবেক্ষনের জন্য Data Information System (DIS) প্লাটফর্ম স্থাপন করা হয়েছে। বর্তমানে এই সিস্টেমটির মাধ্যমে অপারেটরগণ সরাসরি লগ-ইন করে নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে অপারেশনাল তথ্যাদি কমিশনে দাখিল করে থাকে। এরই প্রেক্ষিতে যথা সময়ে প্রাপ্ত তথ্য পর্যবেক্ষণ করে মনিটরিংয়ের কারণে এ খাতে সরকারের রাজস্ব প্রাপ্তি নিশ্চিত হচ্ছে। | কার্যকর আছে। | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | http://dis.btrc.gov.bd/login | |
| ০৬। | **Complain Management System** | টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ধারাবাহিকতায় টেলিযোগাযোগ অপারেটরসমূহের নানাবিধ সেবা গ্রহণকারীর সংখ্যা বৃদ্ধির সাথে সাথে অপারেটরসমূহের সেবা সংক্রান্ত বিষয়ে গ্রাহক পর্যায়ে অভিযোগও বৃদ্ধি পেয়েছে। এসব অভিযোগ যথাযথভাবে গ্রহণ ও নিষ্পত্তির জন্য এক্সেস নেটওয়ার্ক সার্ভিস অপারেটরসমূহের নিজস্ব গ্রাহক সেবা কেন্দ্র বা কাস্টমার কেয়ার সেন্টার রয়েছে। টেলিযোগাযোগ সেবা গ্রহণকারীগন তাঁদের সমস্যা সমাধানকল্পে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের গ্রাহক সেবা কেন্দ্র বা কাস্টমার কেয়ার সেন্টারে অভিযোগ প্রদান করে থাকেন। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক অভিযোগ সমাধান করা হচ্ছে কি না বা সংশ্লিষ্ট সেবাদানকারীকে অভিযোগ করে গ্রাহক উপেক্ষিত হচ্ছে কি না তা যাচাইয়ের লক্ষ্যে কমিশন কর্তৃক কাষ্টমার কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপন করা হয়েছে। এই সিস্টেমটিতে একজন গ্রাহক শর্টকোড (১০০) অথবা ওয়েব পোর্টালের মাধ্যমে অভিযোগ করতে পারেন। এছাড়াও দেশের | কার্যকর আছে। | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | http://btrccrm.genexinfosys.com:8383/cms/ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | অভ্যন্তরে অবস্থারত গ্রাহকগণ যেকোন টেলিযোগাযোগ সংশ্লিষ্ট পরামর্শ কমিশনের নিকট দাখিল করতে পারেন। | | | | |
| ০৭। | **Online License Issuance and Management System (LIMS)** | কমিশনের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং গুণগত মানসম্পন্ন নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে Online License Issuance and Management System (LIMS) তৈরির কার্যক্রম ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। উক্ত LIMS (lims.btrc.gov.bd) এর মাধ্যমে বাংলাদেশের যে কোন নাগরিক দেশের যে কোন প্রান্ত/স্থান হতে কমিশন কর্তৃক প্রদানকৃত বিভিন্ন ধরণের লাইসেন্স/রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু, নবায়ন, বাতিল ও সংশোধন সংক্রান্ত সেবা গ্রহণের জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবে। আবেদনকারী অনলাইনের মাধ্যমে উক্ত আবেদন দাখিলের ক্ষেত্রে আবেদনের বিভিন্ন তথ্য যাচাই করত সংযুক্ত ও অনলাইনে সহজেই প্রযোজ্য পেমেন্ট/অর্থ প্রদান করতে পারবে। এই সিস্টেমের মাধ্যমে আবেদনকারী তার চাহিত/কাঙ্খিত সেবা কমিশন কর্তৃক অনলাইনের মাধ্যমে গ্রহণ করতে পারবে। এর ফলে দেশের প্রত্যন্ত অঞ্চলের সাধারণ আবেদনকারীরগণের সময়, ভ্রমণ জনিত ধকল ও অর্থ ব্যয় ক্ষেত্র বিশেষে আর হবে না বা অনেকাংশে হ্রাস পাবে। | সেবা/ আইডিয়াটি কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | https://lims.btrc.gov.bd/ | |
| ০৮। | **Corporate SIM Registration Automation (CSRA) System** | যুগোপযোগী মোবাইল সেবার মাধ্যমে দেশের অর্থনৈতিক কার্যক্রমকে এগিয়ে নেওয়া এবং ডিজিটাল বাংলাদেশ গঠনে কমিশন ও মোবাইল অপারেটররা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এক্ষেত্রে কর্পোরেট গ্রাহকরাও অগ্রণী ভূমিকা পালন করে আসছে। এ লক্ষ্যে, কমিশনের সিস্টেম এবং সার্ভিসেস বিভাগ, ২০১৯ সালের ২১ জুলাই থেকে কমিশনের নির্দেশনা অনুযায়ী কোন প্রতিষ্ঠানের অনুকূলে কর্পোরেট সিম বিক্রয়ের ক্ষেত্রে কমিশনের নির্ধারিত ফরম প্রতিপালন স্বাপেক্ষে এবং কর্পোরেট মোবাইল গ্রাহক নিবন্ধন সংক্রান্ত নির্দেশনায় উল্লিখিত ধাপ অনুসরণ করে সকল প্রয়োজনীয় কাগজ পত্রাদি কমিশনে সশরীরে উপস্থিত হয়ে কমিশনে নির্ধারিত কর্মকর্তার অনুমোদন স্বাপেক্ষে কর্পোরেট সিম বিক্রয় করার পদ্ধতি বাস্তবায়ন করে আসছে। পাশাপাশি সকল বিদ্যমান কর্পোরেট গ্রাহকদের ক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করে গ্রাহক তথ্য হালনাগাদ প্রক্রিয়া চলমান রয়েছে যা সামগ্রিক কর্পোরেট গ্রাহকের নিবন্ধন প্রক্রিয়াকে আগের চেয়ে অনেক সুসংহত করেছে। এ লক্ষ্যে Corporate SIM নিবন্ধনের অনুমোদন প্রক্রিয়াটি অটোমেশন করার বিষয়ে কমিশন হতে উদ্যোগ গ্রহণ করা হয়। | সেবা/ আইডিয়াটি কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | https://btrc.portal.gov.bd/site/page/95dad8a8-ccf5-4ef1-bda8-66d788d7e208 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | এই উদ্যোগের অংশ হিসেবে কর্পোরেট গ্রাহকের নিকট সিম বিক্রয়ের অনুমোদন, রিভ্যালিডেশন, রিপোর্টিং এবং অন্যান্য ডাটাবেজ (CBVMP, NEIR, NID/BNDA) এর সাথে ইন্টিগ্রেশণ এর জন্য মোবাইল অপারেটররা কমিশনের নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে একটি Corporate SIM Registration Automation (CSRA) সিস্টেম ডেভেলপ করা হয়েছে। এই সিস্টেমের মাধ্যমে মোবাইল অপারেটর ও কমিশনের কাজের সময় সংকোচন এবং দক্ষতা বৃদ্ধি পাচ্ছে। | | | | |

০৪/০৭/২৪

মোঃ নূরন্নবী
পরিচালক
এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন